



চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ চট্টগ্রাম ভবন, চট্টগ্রাম

প্রকল্প পরিদর্শন প্রতিবেদন (চলমান প্রকল্প)

১। প্রকল্পের নাম: "চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহু-আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ"।

১.১। প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:

“চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহু আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ”- শীর্ষক প্রকল্পটি মোট ৪৩১৪৮৫.৫১ (জিওবি অনুদান- ৩৭৭৪৮৯.৫২, জিওবি ঋণ- ৪৯১৯৭.৪০ নিজস্ব অর্থ-৪৭৯৮.৫৯) লক্ষ টাকা (২য় সংশোধিত) প্রাক্কলিত ব্যয়ে জুলাই-২০১৭ হতে ডিসেম্বর, ২০২৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

১.২। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
চট্টগ্রাম	চট্টগ্রাম	-	সিটি কর্পোরেশন	-

১.৩। প্রকল্পের উদ্দেশ্য: চট্টগ্রাম শহরের ভয়াবহ যানজট নিরসন, চট্টগ্রাম শহর এলাকা ও এর দক্ষিণাঞ্চলের মধ্যে উন্নত যাতায়াত সুবিধা নিশ্চিতকরণ, চট্টগ্রাম বন্দরের ধারাবাহিক কার্যক্রমের গতিশীলতা রক্ষা, চট্টগ্রাম শাহু-আমানত আন্তর্জাতিক বিমান বন্দর থেকে ৩০ মিনিটের মধ্যে মূল শহরে প্রবেশের লক্ষ্যে এবং সহজ যাতায়াত সুবিধা প্রদানের মাধ্যমে বিদেশী বিনিয়োগকারীদের আকৃষ্ট করা। ফলশ্রুতিতে মিরসরাই ইকোনোমিক জোন ও আনোয়ারা শিল্প এলাকা তথা কেইপিজেড এ বিনিয়োগ বৃদ্ধি ও যাতায়াতের পথ সহজ হবে।

১.৪। প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:



চিত্র: চেয়ারম্যান, চট্টগ্রাম কর্তৃক এলিভেটেড এক্সপ্রেসওয়ের প্রকল্প এলাকা পরিদর্শনের স্থির চিত্র।